

**জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ডিবেটিং সোসাইটির ২৭ বছর পূর্তি উপলক্ষে
আনন্দ র্যালি অনুষ্ঠিত**



১০ ডিসেম্বর-২০১৯, মঙ্গলবার, সকাল: ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির উদ্যোগে ২৭ বছর পূর্তি উপলক্ষে আনন্দ র্যালি বের হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানের নেতৃত্বে র্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এসময় র্যালিতে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোস্তফা কামাল, ডিবেটিং সোসাইটির মডারেটর সুমন কুমার মজুমদার, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক এবং ডিবেটিং সোসাইটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।